

# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 23 June, 2025

স্বরাষ্ট্র ও কৃষি মন্ত্রণালয়ের উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, মব জাস্টিস কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। সাবেক নির্বাচন কমিশনার নুরুল হুদাকে আটকের সময় যে ধরনের গণপিটুনির ঘটনা ঘটেছে, তা কাম্য নয় বলে মন্তব্য করেন তিনি।

সোমবার (২৩ জুন) গাজীপুরের মৌচাক হর্টিকালচার সেন্টার পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি।

জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, “আইনশৃঙ্খলা বাহিনীর উপস্থিতিতে যদি কেউ এমন ঘটনার সঙ্গে জড়িত থাকে, তাহলে তা তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

তিনি আরও জানান, সাবেক প্রধান নির্বাচন কমিশনার হাবিবুল আউয়ালকে গ্রেফতারের খবর সঠিক নয়। তবে সাবেক নির্বাচন কমিশনার নুরুল হুদাকে উত্তরা থেকে আটক করা হয়েছে।

কৃষি জমি রক্ষা এবং দেশীয় ফল উৎপাদন বাড়ানোর বিষয়ে কথা বলতে গিয়ে উপদেষ্টা বলেন, “বিদেশি ফলের পাশাপাশি আমাদের দেশীয় ফলের উৎপাদন বাড়াতে হবে। সেই সঙ্গে কৃষি জমি দখল রোধে ‘কৃষি জমি সুরক্ষা আইন’ করা হচ্ছে।”

গাজীপুরে ডাকাতির ঘটনা বাড়ছে—এমন প্রশ্নের জবাবে তিনি জানান, পুলিশের সংখ্যা না বাড়িয়ে নজরদারি জোরদার করা হবে যেন অপরাধীরা ডাকাতি কার্যক্রম চালাতে না পারে।

পরিদর্শনে উপদেষ্টার সঙ্গে উপস্থিত ছিলেন—গাজীপুর জেলা প্রশাসক নাফিসা আরেফীন, পুলিশ সুপার ড. চৌধুরী যাবের সাদেক, কালিয়াকৈর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাউসার আহমেদ, হার্টিকালচার সেন্টারের এনামুল হক, এবং পুলিশ ও কৃষি মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা।

তিনি হার্টিকালচার সেন্টারের বিভিন্ন এলাকা ঘুরে দেখেন, কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেন এবং নানা দিকনির্দেশনাও দেন।

মব জাস্টিস, স্বরাষ্ট্র ও কৃষি মন্ত্রণালয়, স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম, গাজীপুর মৌচাক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:49

URL: <https://timestodaybd.com/national/3561775807>